

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

**হাইড্রোকার্বন ইউনিট**

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ফোনঃ ৮৩৯১০৭৫, ৮৩৯১০৮৫, ফ্যাক্সঃ ৮৩৯১১১৩ ই-মেইলঃ hcu@hcu.org.bd, ওয়েবঃ www.hcu.org.bd

বিষয়ঃ	: হাইড্রোকার্বন ইউনিট এর জুলাই/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যববরণী।
সভাপতি	: এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক (যুগ্ম সচিব)
তারিখ	: ২৩-০৭-২০১৯
সময়	: বিকাল ৩: ০০ ঘটিকা
স্থান	: মিনি কনফারেন্স রুম, হাইড্রোকার্বন ইউনিট
উপস্থিত সদস্য	: ক) জনাব মেহেদী হাসান উপ- পরিচালক ( পরিকল্পনা ও পিএসসি) খ) জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) গ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মেহেদী হাসান উপ-পরিচালক ( পরিকল্পনা ও পিএসসি ) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	<b>শোক দিবস</b> জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদনের জন্য ১৫ আগস্ট ২০১৯ সকাল ৯.০০ (নয়) ঘটিকায় অফিসের সকল কর্মকর্তাও কর্মচারীকে ধানমন্ডি ৩২ নম্বরে উপস্থিত থাকার ব্যাপারে আলোচনা করা হয়।	সবাইকে সঠিক সময়ে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।
০২	<b>বাজেট পরিকল্পনা</b> হাইড্রোকার্বন ইউনিটের ২০১৯ -২০ অর্থবছরের বাজেট পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা হয়।	বাজেট বাস্তবায়ন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

০৩	<p><b>সেমিনার</b> হাইড্রোকার্বন ইউনিটের উদ্যোগে পেট্রোবাংলার সহযোগিতায় পেট্রোবাংলার অডিটোরিয়ামে ২৯ জুলাই ২০১৯ ইং <b>“Historical Perspective of Hydrocarbon Exploration in the Eastern Fold Belt of Bengal Basin and the Challenges”</b> শীর্ষক সেমিনারের বিষয়ে আলোচনা হয়।</p>	<p>সেমিনার সফল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৪	<p><b>জ্বালানি নিরাপত্তা দিবস উদযাপন</b> ০৯ আগস্ট/২০১৯ ইং তারিখে জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস উপলক্ষ্যে পেট্রোবাংলার ড.হাবিবুর রহমান অডিটোরিয়ামে সকাল ও বিকেল দুটি সেমিনারের যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য হাইড্রোকার্বন ইউনিটকে দায়িত্ব প্রদান করা হয়। ০৯ আগস্ট ২০১৯ ইং তারিখে জ্বালানি নিরাপত্তা দিবস উদযাপন করার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>দিবসটি সফল করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়।</p>
০৫	<p><b>বিদ্যুৎ সাশ্রয়</b> অফিসের এসি, বৈদ্যুতিক ফ্যান, লাইট, বিদ্যুৎ, পানি ও জ্বালানি ইত্যাদির ব্যবহারে মিতব্যয়ী হওয়ার ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও অফিসের সম্পদ যেমনঃ গাড়ী, কম্পিউটার, ফ্যাক্স মেশিন, সার্ভার, ল্যাপটপ ইত্যাদি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p>	<p>বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৬	<p><b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :</b> জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সভায় ২০১৯-২০ অর্থ বছরের এপিএ সফল বাস্তবায়ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে তৎপরতার সাথে কার্য সম্পাদন করার ব্যাপারে আলোচনা হয়।</p>	<p>এপিএ সংক্রান্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করার নিমিত্তে কমিটি গঠনের সিদ্ধান্ত হয়।</p>
০৭	<p><b>আদালতে বিচারাধীন মামলা :</b> জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জুন/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটে কোন মামলায় কোন আইনজীবী নিয়োগ করা হয়েছে, কতদিন ধরে পেন্ডিং আছে, পরবর্তী শুনানি কখন হতে পারে, সংশ্লিষ্ট কর্মকর্তা সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা এসব বিষয় অবহিত করার জন্য সিদ্ধান্ত হয়।</p>	<p>আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৮	<p><b>অডিট আপত্তি :</b> জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জুন/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অডিট অফিসের সাথে যোগাযোগ করে জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের</p>	<p>অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

	ব্যাপারে আলোচনা হয় ।	
০৯	ই- নথি: ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই- নথি কার্যক্রমের সূচনা হয় । হাইড্রোকার্বন ইউনিটের ই –নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় ।	ই- নথির ব্যবহার আরো বৃদ্ধির ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় ।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

২৩/০৭/২০১৯

এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক (যুগ্ম সচিব),  
হাইড্রোকার্বন ইউনিট,  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ